চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার মাদকবিরোধী অভিযান গাজাঁ সহ আটক-১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ০৪ (চার) কেজি গাঁজা এবং গাঁজা বিক্রয়ের নগদ অর্থ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উদ্ধার সহ ০১ (এক) জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর দিকনির্দেশনায় জেলার প্রত্যেকটি থানা এলাকায় নিয়মিতভাবে মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে।

তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোহাম্মদ আবদুল আলীমের নেতৃত্বে এসআই(নিঃ)/ মোঃ আতিকুর রহমান সঙ্গীয় অফিসার-ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় দর্শনা থানাধীন প্রতাপপুর নদীপাড়া গ্রামস্থ আসামির বসতবাড়ির উঠানে গাঁজা বিক্রয়কালে আসামি
১) মোছাঃ বেলী খাতুন (৩২), জং-মোঃ সোহেল, সাং-প্রতাপপুর নদীপাড়া, থানা-দর্শনা, জেলা-চুয়াডাঙ্গাকে গ্রেফতারপূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ০৪ (চার) কেজি গাঁজা, মূল্য অনুমান-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং গাঁজা বিক্রয়ের নগদ অর্থ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উদ্ধারপূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

মুজিবনগরকে মাদক মুক্ত করতে

থানা পুলিশের মাদকবিরোধী অভিযান

“মাদককে না বলি মাদক মুক্ত সমাজ গড়ি” ঐতিহাসিক মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে থানা পুলিশ মাদকবিরোধী সর্বাত্মক অভিযান শুরু করেছে।

আজ বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর থানা চত্বর থেকে মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম-সেবা এর নির্দেশে এবং মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেলের তত্ত্বাবধায়ানে এক ঝাঁক পুলিশ সদস্যদের নিয়ে মুজিবনগর থানা পুলিশের মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে এই সর্বাত্মক অভিযান শুরু করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল জানান, মাদকের বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স, মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের কোন ছাড় নাই। যুব সমাজকে একটি সুন্দর জীবন উপহার দেওয়ার প্রত্যয়ে মুজিবনগর উপজেলা কে মাদক মুক্ত করতে মাদকসেবী এবং মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশের এই সর্বাত্মক অভিযান অব্যাহত থাকবে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে আটক ২

চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক মাদক বিরোধী অভিযানে ২৭ পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ ২ (দুই) জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক মাদক বিরোধী অভিযানে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান নেতৃত্বে এসআই (নি:)মোঃ মাসুদ রানা সঙ্গীয় ফোর্সসহ আজ শুক্রবার দুপুর ১ টার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন জনৈক নীলরতন সাহার গোডাউনের সামনে পাকা

রাস্তার উপর অভিযান পরিচালনা করে দুইজন কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী বুজরুকগড়গড়ি (কেদারগঞ্জ) গ্রামের কাবিল উদ্দিনের ছেলে মোঃ বদর উদ্দিন বাদল (৩৩), আলমডাঙ্গা থানার জেহালা মুন্সিগঞ্জ গ্রামের নিজাম উদ্দিনের ছেলে মোঃ জানে আলম নয়ন (৪২) ।

এসময় তাদের দেহ তলাশি করে ২৭ (সাতাশ) পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান বলেন,গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

কার্পাসডাঙ্গায় মাদকবিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল সহ গ্রেফতার ১

পুলিশ সূত্রে জানা গেছে পুলিশ সুপার আব্দুলাহ আল মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই (নি:) ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে কার্পাসডাঙ্গা সুবলপুর সড়কে অভিযান চালায়।

অভিযান চলাকালে কাঞ্চনতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তার উপর হতে ২১ বোতল ফেনসিডিল সহ আজ রবিবার সন্ধা ৭:৩০ মিনিটে ইব্রাহিম খলিল (৩২) পিতা জামাল উদ্দিন ‘কে’ আটক করে পুলিশ।

আজ আসামিকে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে মডেল থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।